রূপগঞ্জে চাঁদাবাজদের হামলায় রপ্তানিমুখী কারখানা লুট



সংগৃহীত ছবি

নরায়ণগঞ্জের রূপগঞ্জে চাঁদা না দেওয়ার কারণে একটি শিল্পপ্রতিষ্ঠানে হামলা ও লুটপাটের ঘটনা ঘটেছে। হামলায় দুই কর্মকর্তা গুরুতর আহত হয়েছেন এবং প্রায় ১ কোটি ১৭ লাখ টাকার ক্ষতি হয়েছে।

ঘটনাস্থল ছিল জিন্দা পার্ক থেকে আধা কিলোমিটার দূরের বিএলও ওয়্যার নেইল ইন্ডাস্ট্রিজ। মঙ্গলবার সকাল ১০টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠানের এক ঘণ্টার মধ্যে হামলা শুরু হয়।

কারখানা মালিক মোনোয়ার অপু রূপগঞ্জ থানায় লিখিত অভিযোগ করেছেন। অভিযোগে বলা হয়েছে, স্থানীয় বেলায়েত আকন্দ, সজল হোসেন এবং কাজল মিয়া নেতৃত্বে ১৫-২০ জন সশস্ত্র ব্যক্তি কারখানায় প্রবেশ করে হামলা চালিয়েছে। তারা আগে মালিকের কাছে এককালীন ১০ লাখ টাকা চাঁদা এবং প্রতি মাসে ১ লাখ টাকা চাঁদা দিতে বলেছিল। হামলাকারী সবাই বিএনপি নেতা রূপগঞ্জ সভাপতি মাহফুজুর রহমানের অনুসারীরা।

হামলাকারীরা কারখানার প্রধান ফটক ও সীমানা প্রাচীর ভেঙে ভিতরে ঢুকে। কারখানার ম্যানেজার অলিউল্লাহ খান বাধা দিতে গেলে শ্বাসরোধের চেষ্টা করা হয় এবং মাথায় লোহার রড দিয়ে আঘাত করা হয়। এ সময় তার বাঁ হাত ভেঙে যায় এবং উরুতে গুরুতর আঘাত লাগে। প্রোডাকশন ফোরম্যান জুলহাস উদ্দিনও আহত হন। আহতরা রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হন।

হামলাকারীরা সিসিটিভি ক্যামেরা ও আসবাবপত্র ভেঙে প্রায় ৬ লাখ টাকার ক্ষতি করেছে। পরে তারা একটি ট্রাক ব্যবহার করে নগদ অর্থ এবং যন্ত্রপাতিসহ মোট ১ কোটি ১৭ লাখ টাকার জিনিসপত্র লুট করে। হামলার সময় শ্রমিকদের হত্যার হুমকিও দেওয়া হয়।

পুলিশকে জানানো হলেও দুই ঘণ্টা পরে তারা ঘটনাস্থলে পৌঁছায়। অভিযোগ রয়েছে, মামলার পরও অভিযুক্তদের মধ্যে কেউ গ্রেফতার হওয়ার পর ছেড়ে দেওয়া হয়েছে।